ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-৩৪৩০

আগরতলা, ২৮ অক্টোবর, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

"চিকিৎসকের উপর হামলার চেষ্টা, নিরাপত্তা নিয়ে প্রশ্ন, "এই শিরোনামে প্রতিবাদী কলম পত্রিকায় গত ২২ অক্টোবর, ২০২৫ তারিখে প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই বিষয়ে বিশালগড় মহকুমা স্বাস্থ্য আধিকারিক কর্তৃক প্রদত্ত রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ স্পষ্টিকরণ দিয়ে জানানো যাচ্ছে যে, চড়িলাম এলাকার বাসিন্দা মামপিয়ারা বেগমকে (২০) বিষক্রিয়ার ইতিহাস নিয়ে ২১ অক্টোবর, ২০২৫ সন্ধ্যা প্রায় ৬টা ৪৫ মিনিট নাগাদ বিশালগড় মহকুমা হাসপাতালের ইমার্জেন্সি বিভাগে আনা হয়। রোগীকে কর্তব্যরত চিকিৎসক ডাঃ তনুশ্রী চক্রবর্তী চিকিৎসা প্রদান করেন। তাঁর সাথে উপস্থিত ছিলেন নার্সিং অফিসার মমতা বেগম ও জিডিএ সন্তনা রিয়াং। চিকিৎসাকালীন সময়ে রোগীর সঙ্গে আসা কিছু আত্মীয়স্বজন কর্তব্যরত কর্মচারিদের উপর চিৎকার-চেঁচামেচি শুরু করে এবং লাঠি দিয়ে হামলার চেষ্টা করে। বিশালগড় মহকুমা হাসপাতালের নিরাপত্তাকর্মী তাপস কর্মকার, পরিমল শীল ও ঝুলু বালা সাহা পরিস্থিতি নিয়ন্ত্রণের জন্য যথাসাধ্য চেষ্টা করেন, কিন্তু তাঁরা সেই পক্ষের দ্বারা মারাত্মকভাবে আক্রান্ত হন। স্বাস্থ্যকর্মীরা সামান্য আঘাত নিয়ে কোনোমতে সেখান থেকে সরে আসতে সক্ষম হন। এই ঘটনায় হাসপাতালের ভেতরে বিশৃঙ্খলা সৃষ্টি হয় এবং প্রায় আধ ঘণ্টারও বেশি সময় জনসাধারণের ইমার্জেন্সি পরিষেবা ব্যাহত থাকে। সম্পূর্ণ ঘটনাটি সিসিটিভি ক্যামেরায় রেকর্ড করা হয়েছে এবং কর্তব্যরত চিকিৎসক অবিলম্বে এই বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশালগড় থানা পুলিশকে অবহিত করেন।

*******